

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 28-01-2026**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) সংসদের বাজেট অধিবেশনের প্রথম দিন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু উভয়কক্ষের যৌথ অভিভাষণে বলেছেন, সবকা সাথ – সবকা বিকাশের ভাবনা – দেশবাসীর জীবনে ইতিবাচক রূপান্তর এনেছে।

২) এস আই আর সহ অন্যান্য বিষয়ে আলোচনার জন্য নির্বাচন কমিশন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আগামী সোমবার সাক্ষাতের সময় দিয়েছে।

এস আই আর নিয়ে জরুরী গুনানির জন্য রাজ্য সরকারের আবেদন সুপ্রিম কোর্টে খারিজ।

৩) নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করেছে। এ রাজ্যের ২৫ জন উচ্চ-পদস্থ আধিকারিকের নাম তালিকায় রয়েছে।

৪) রেল মন্ত্রক এ রাজ্যে তিনটি নতুন রেললাইন প্রকল্পের জন্য চূড়ান্ত লোকেশান সার্ভে অনুমোদন করেছে।

৫) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রীর জন্যই সিঙ্গুর কার্যত শ্মশানে পরিণত হয়েছে।

৬) নাজিরাবাদে বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ২১। এখনও নিখোঁজ ২৭।

০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, অপারেশন সিন্দুরের সময়, গোটা বিশ্ব ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর শৌর্য ও সাহসিকতা প্রত্যক্ষ করেছে। নিজেদের ক্ষমতা ব্যবহার করে দেশ জঙ্গি ঘাঁটিগুলি উড়িয়ে দিয়েছে। বাজেট অধিবেশনের প্রথম দিনে সংসদের উভয় কক্ষের যৌথ অভিভাষণে রাষ্ট্রপতি বলেন, ভারতের ওপর সন্ত্রাসবাদী হামলা হলে যে যোগ্য ও স্পষ্ট জবাব দেওয়া হবে, অপারেশন সিন্দুরে সে বার্তাই দিয়েছে সরকার।

রাষ্ট্রপতি জানান, প্রতিরক্ষা রপ্তানীও ২৩ হাজার কোটি টাকার গতি অতিক্রম করেছে। অপারেশন সিন্দুরের পর মেড ইন ইন্ডিয়া প্রতিরক্ষা ব্যবস্থাপনার ওপর দেশের আত্মবিশ্বাস বেড়েছে। রাষ্ট্রপতি বলেন, সরকারের নীতির সঙ্গে সাযুজ্য রেখে নিরাপত্তা বাহিনীও মাওবাদী সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমানে মাওবাদী অধ্যুষিত জেলার সংখ্যা ১২৬ থেকে কমে ৮-এ দাঁড়িয়েছে। গত এক বছরে প্রায় দু'হাজার মাওবাদী আত্মসমর্পণ করেছে। যার ফলে, লক্ষাধিক মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলেছে।

শ্রীমতী মুর্মু বলেন, বাবা সাহেব আশ্বেদকর সর্বদা সামাজিক ন্যায় এবং সমতার ওপর জোর দিয়েছিলেন। বর্তমান কেন্দ্রীয় সরকার সেই লক্ষ্যেই কাজ চালিয়ে যাচ্ছে। গত এক দশকে ২৫ কোটি মানুষ দারিদ্র সীমার ওপরে এসেছেন। সরকারের নিরন্তর প্রচেষ্টায় ৯৫ কোটি ভারতবাসী এখন সামাজিক নিরাপত্তা পাচ্ছেন। সব কা সাথে সব কা বিকাশ-এর ভাবনা দেশবাসীর জীবনে ইতিবাচক রূপান্তর এনেছে।

(বাইট – রাষ্ট্রপতি/ সবকা সাথে সবকা বিকাশ )

আজকের ভাষণে রাষ্ট্রপতি বলেন, সরকারের সুদৃঢ় নীতি এবং উদ্যোগ, দেশে কৃষি উৎপাদনের হারকে ত্বরান্বিত করেছে। খাদ্য এবং উদ্যানপালনের ক্ষেত্রে রেকর্ড উৎপাদন হয়েছে।

গ্রামীণ এলাকার কর্মসংস্থান ও বিকাশের লক্ষ্যে বিকশিত ভারত জি রাম জি আইন কার্যকর হয়েছে বলে শ্রীমতী মুর্মু উল্লেখ করেন। তিনি বলেন, নতুন এই আইনের মাধ্যমে গ্রামাঞ্চলের মানুষদের জন্য ১২৫ দিনের কর্ম নিশ্চয়তার উদ্যোগ নিয়েছে সরকার।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গোটা বিশ্বের বৈচিত্র্যকে গ্রহণ করার ক্ষমতা রয়েছে ভারতের যুব সম্প্রদায়ের কাছে। নতুন দিল্লীর ক্যারিয়াপ্লা প্যারেড গ্রাউন্ডে আজ জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর বার্ষিক

এনসিসি পিএম র্যালিতে ভাষণে শ্রী মোদী বলেন, দেশই প্রথম এই মানসিকতায় ভারতের যুব সমাজ সাহস ও দায়বদ্ধতার পরিচয় দিচ্ছে।

উল্লেখ্য, এ বছর র্যালির মূল ভাবনা, রাষ্ট্র প্রথম ও কর্তব্যনিষ্ঠ যুব প্রজন্ম। প্রধানমন্ত্রীর দপ্তরের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, যুবদের মধ্যে কর্তব্য ও শৃঙ্খলা বোধ এবং জাতীয় অঙ্গীকারের চেতনা প্রতিফলিত হয় এই র্যালির মাধ্যমে। দেশজুড়ে ৮৯৮ মহিলা সহ দুই হাজার ৪০০ এর বেশি এনসিসি ক্যাডেট এতে অংশ নিচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০

এরাজ্যে এস আই আর নিয়ে জরুরী শুনানির জন্য রাজ্য সরকারের আবেদন সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়ে বলেছে, আগামী মঙ্গল অথবা বুধবার এই আবেদনের শুনানি হতে পারে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ জানিয়েছে, সুপ্রিম কোর্ট এব্যাপারে আগেই বিস্তারিত নির্দেশ দিয়ে রেখেছে।

উল্লেখ্য, রাজ্যের দুই সাংসদ দোলা সেন ও ডেরেক ওব্রায়ন এস আই আর নিয়ে জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানিয়েছে।

এদিকে, এস আই আর সহ অন্যান্য বিষয় আলোচনা জন্য তৃণমূল কংগ্রেসের দাবির প্রেক্ষিতে নির্বাচন কমিশন আগামী সোমবার বিকেলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আলোচনায় বসার সময় দিয়েছে।

মুখ্যমন্ত্রীর আজ দিল্লি যাওয়ার কথা থাকলেও আগামীকাল তিনি দিল্লি যেতে পারেন বলে জানা গেছে। এস আই আর নিয়ে দিল্লিতে নির্বাচন সদনের সামনে প্রতিবাদ কর্মসূচীর প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেস নেত্রীর আজ নতুন দিল্লি যাওয়ার কথা ছিল।

০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট, বগটুই মামলা বীরভূম থেকে আসানসোলার বিশেষ সিবিআই আদালতে স্থানান্তরের নির্দেশ দিয়েছে।

সিবিআই-এর আবেদনের প্রেক্ষিতে আদালতের এই নির্দেশ বলে বিচারপতি অজয় কুমার মুখোপাধ্যায় জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য কেন্দ্রীয় অবজার্ডার নিয়োগ করেছে। প্রকাশিত তালিকায় এরাজ্য থেকে মোট ২৫ জন সিনিয়র আধিকারিকের নাম রয়েছে। তাঁদের মধ্যে স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মীনা সহ ১৫ জন আইএএস এবং ১০ জন আইপিএস আধিকারিকের নাম রয়েছে। তালিকায় রয়েছেন হাওড়া ও আসানসোলার পুলিশ কমিশনারও। পশ্চিমবঙ্গ, অসম, কেরল, তামিলনাড়ু ও পুদুচেরিতে ভোট আসন্ন। নির্বাচন কমিশন জানিয়েছে, কেন্দ্রীয় অবজার্ডার নিয়োগের জন্য রাজ্য সরকারের কাছে অন্তত পাঁচবার আধিকারিকদের নামের তালিকা চাওয়া হয়েছিল। নির্দিষ্ট সময়ের মধ্যে রাজ্য সরকারের কাছ থেকে কোনও উত্তর না মেলায় কমিশন নিজেই অবজার্ডারদের তালিকা চূড়ান্ত করে তা প্রকাশ করেছে।

তালিকা প্রকাশের পাশাপাশি কমিশনের তরফে একটি বিস্তারিত নির্দেশিকাও জারি করা হয়েছে। সেখানে জানানো হয়েছে, ব্যাচভিত্তিক তালিকাভুক্ত সমস্ত আইএএস ও আইপিএস আধিকারিকদের জন্য বাধ্যতামূলক ব্রিফিং বৈঠকের আয়োজন করা হয়েছে। নির্ধারিত দিন, সময় ও স্থানে সংশ্লিষ্ট আধিকারিকদের উপস্থিতি নিশ্চিত করার দায়িত্ব দেওয়া হয়েছে কর্তৃপক্ষকে। নির্দেশিকায় স্পষ্ট করে বলা হয়েছে, ব্রিফিং বৈঠকে কোনও আধিকারিক অননুমোদিতভাবে অনুপস্থিত থাকলে তা অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করবে নির্বাচন কমিশন। এমন ক্ষেত্রে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সম্ভাবনাও উড়িয়ে দেওয়া হয়নি।

০০০০০০০০০০০০০০০০

Pro-Governance and Timely Implementation- PRAGATI (প্রগতি) পরিমণ্ডলের আওতায় ভারতে পুনর্নির্বিবরণ শক্তি, বিশেষ করে সৌর ও বায়ু শক্তি বিস্তারের জন্য, পরিবেশ বান্ধব শক্তি করিডর কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। এর লক্ষ্য- দেশের দূষণ মুক্ত শক্তি ক্ষেত্রের উত্তরণ। এই কর্মসূচির তৃতীয় বিভাগে উচ্চ শক্তি সম্পন্ন আন্তঃরাজ্য সংবহন ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ৭৬৫ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন দ্বিমুখী সংবহন লাইন প্রায় ২৮৯ কিলোমিটার জুড়ে গড়ে তোলা হয়েছে। তৈরী হয়েছে একাধিক সাব স্টেশন। এই কর্মসূচিটিকে ২০১৮ সালের সেপ্টেম্বরে প্রগতি প্রকল্পের আওতায় আনা হয়।

০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা উন্নত ভারত গঠনে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিকল্প শক্তির ব্যবহার। ভারত সরকারের শক্তি বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সদস্য ও অচিরাচরিত শক্তি বিশেষজ্ঞ ডঃ শান্তিপদ গণ চৌধুরীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০

রেল মন্ত্রক এ রাজ্যে তিনটি নতুন রেললাইন প্রকল্পের জন্য চূড়ান্ত লোকসান সার্ভে অনুমোদন করেছে। এই তিনটি প্রকল্প হলো, সিউড়ি থেকে রাজনগর-বক্রেস্বর ধাম হয়ে নলা - ৭৩ কিলোমিটার দীর্ঘ প্রস্তাবিত লাইন, আরামবাগ থেকে খানাকুল - ২৭ কিলোমিটার দীর্ঘ লাইন এবং রসুলপুর থেকে জঙ্গলপাড়া পর্যন্ত ৭৮ কিলোমিটার দীর্ঘ প্রস্তাবিত রেল লাইন প্রকল্প।

০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রীর জন্যই সিঙ্গুর কার্যত শ্মশানে পরিণত হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। দুর্গাপুরে আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, মুখ্যমন্ত্রী সিঙ্গুর থেকে টাটাকে বিতাড়িত করেছেন। ১৫ বছরে রাজ্যে কোন বড় বিনিয়োগ এবং শিল্প আসেনি। পেট্রোকেমিক্যাল সহ একের পর এক বড় শিল্প রাজ্য ছেড়ে চলে গেছে। তিনি জানান, সিঙ্গুরে প্রধানমন্ত্রীর ঐতিহাসিক সভার পর শাসক দল চিন্তিত হয়ে পড়েছে। তাই ঠিক এক সপ্তাহ বাদেই মুখ্যমন্ত্রীকে সেখানে যেতে হয়েছে।

বিরোধী দলনেতা বলেন, মুখ্যমন্ত্রী বাংলার বাড়ি প্রকল্পে সেখানে কুড়ি লক্ষ পরিবারকে এক লক্ষ কুড়ি হাজার টাকা করে দিয়েছেন বলে দাবি করলেও এক থেকে দেড় লক্ষের বেশি পরিবার সেই অর্থ পাবেনা। শ্রী অধিকারী আরো বলেন, বর্তমানে বালি,সিমেন্টের যে মূল্য তাতে এক লক্ষ কুড়ি হাজার টাকায় কোন বাড়ি নির্মাণ হবে না। তাই বিজেপি ক্ষমতায় এলে প্রধানমন্ত্রী আবাস যোজনায় গ্রামীণ এলাকার জন্য যে ১লক্ষ ২৫হাজার টাকা বরাদ্দ করা হয়েছে,সেই অর্থের পাশাপাশি দু কামরা বিশিষ্ট বাড়ি,শৌচালয়, সোলার বিদ্যুৎ এবং নলে জলের ব্যবস্থা করা হবে।

পাশাপাশি মুখ্যমন্ত্রী যে ঘাটাল মাস্টার প্ল্যানের কথা বলেছেন সে প্রসঙ্গে শ্রী অধিকারী জানান,এটা শুধুমাত্র নির্বাচনী চমক ছাড়া আর কিছুই নয়। ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য এক ইঞ্চিও জমি অধিগ্রহণ করা হয়নি।

উল্লেখ্য, সিঙ্গুরে আজ বহু প্রতীক্ষিত ঘাটাল মাস্টার প্ল্যানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সিঙ্গুর থেকে ঘাটাল মাস্টার প্ল্যানের ভারুয়াল উদ্বোধন করেন। দুই মেদিনীপুর জেলার বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে ঘাটাল মাস্টার প্ল্যান দীর্ঘ দিন ধরে তৈরি হলেও তা রূপায়ণের দাবিতে স্থানীয় মানুষজন আন্দোলন চালিয়ে আসছেন। পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ১৩-টি ব্লকের ২০ লক্ষেরও বেশি মানুষকে ফি বছর বন্যার হাত থেকে মুক্তি দিতে এই মাস্টার প্ল্যান তৈরি হয়। ১৯৯২ সালে এর ভিত্তি প্রস্তর স্থাপিত হলেও এর কাজ বিশেষ এগোয়নি বলে সংশ্লিষ্ট পরিকল্পনা রূপায়ন সংগ্রাম কমিটির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

রাজ্যের সেচ ও জলপথ দফতর শীলাবতী, কংসাবতী, রূপনারায়ণ সহ বিভিন্ন নিকাশী খালগুলি সংস্কারের উদ্যোগ নিয়েছে। শীলাবতী নদী সংস্কারের কাজ মাস দু-এক আগে শুরু হলেও তা বিশেষ এগোয়নি বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন পশ্চিমবঙ্গ, দেশ এবং দেশের বাইরে থাকা বাঙালিদের ডিজিটাল ভাবে যুক্ত করতে “ডিজিটাল ওয়ারিয়র্স” অভিযান শুরু করেছেন। উল্লেখ্য, বিজেপির ডিজিটাল যোদ্ধা হতে ১৮০০৩১৫৭১১১ এই নম্বরে মিস কল দিতে হবে। পাশাপাশি [www.digitalwarriors.bjpbengal.org](http://www.digitalwarriors.bjpbengal.org) এই ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট ফেসবুক পেজে ক্লিক করে নাম নথিভুক্ত করতে হবে।

এর আগে পশ্চিমবঙ্গকে বাংলাদেশ, বানানোর চেষ্টা চলছে বলে বিজেপি-র সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০

মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী এন সি পি প্রধান অজিত পাওয়ার আজ সকালে বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ বিশিষ্ট নেতৃবৃন্দ তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, সুপ্রিম কোর্টের নজরদারিতে অজিত পাওয়ারের মৃত্যুর তদন্ত দাবি করেছেন।

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ২১। নিখোঁজ ২৭। চাই হয়ে যাওয়া ধ্বংসাবশেষ থেকে আজও চলছে নিখোঁজদের সন্ধানে তল্লাশী। সেসময়ই উদ্ধার হয় দেহগুলি। মৃতদের দেহাংশের DNA পরীক্ষার পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে। এই ঘটনায় ডেকরেটার্স সংস্থার গুদামের মালিক গঙ্গাধর দাসকে গ্রেপ্তার করেছে নরেন্দ্রপুর থানার পুলিশ। আজ তাকে বারুইপুর মহকুমা আদালতে তোলা হলে তাঁকে সাত দিনের পুলিশো হেফাজতে পাঠানো হয়। আগুন লাগার কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ ও দমকল বিভাগ। গতকালই ফরেনসিক টিম ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

এদিকে রাজ্য সরকার, অগ্নিকাণ্ডে মৃতদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা করে আর্থিক সহায়তার কথা ঘোষণা করেছে। অগ্নিকাণ্ডের ঘটনায় এসইউসিআই পূর্ণাঙ্গ বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের খড়্গপুর ও ঝাড়গ্রামে জিতুসোলে একটি শিল্প গোষ্ঠীর স্পঞ্জ আয়রণ কারখানায় আয়কর ও ইডি আধিকারিকরা আচমকা অভিযান চালায়। এই শিল্প গোষ্ঠীর বিরুদ্ধে ব্যাঙ্ক জালিয়াতি, জমি নিয়ে দুর্নীতি, বে-আইনী বালি খাদান খোঁড়া সহ একাধিক অভিযোগের তদন্তের জন্যই এই অভিযান বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় শিল্প প্রতিরক্ষা বাহিনী - সিআইএসএফ উপকূলবর্তী মানুষের সঙ্গে সম্পর্ক মজবুত করতে বিশেষ সাইকেল রালির আয়োজন করেছে। জাতীয় স্তোত্র বন্দেমাতরম রচনার দেড়শো বছর পূর্তি উপলক্ষে এর নামকরণ করা হয়েছে বন্দেমাতরম কোস্টাল সাইক্লোথন। পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগণার বকখালি এবং গুজরাটের লাখপত ফোর্ট থেকে দুটি সাইকেল রালির সূচনা হয়েছে। ৯ টি রাজ্য দিয়ে ৬ হাজার ৫০০ কিলোমিটার পথ অতিক্রম করে কেরালার কোচিনে পৌঁছবে। বকখালি থেকে এই রালিতে অংশ নিয়েছেন ১৩০ জন জওয়ান। এদের মধ্যে ৬৫ জন মহিলা। সকালে সেখানে

সাইক্লোথনের আনুষ্ঠানিক সূচনা করেন প্রখ্যাত ফুটবলার ফুটবলার গৌতম সরকার এবং গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এর অবসরপ্রাপ্ত কর্তা পি. আর. হরি।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo